

শিক্ষাপ্রতিষ্ঠানে শান্তিপূর্ণ সহাবস্থানের দাবিতে ছাত্রদলের সভা-মিছিল

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক •

ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানের ক্যাম্পাস ও আবাসিক হলে ছাত্রসংগঠনগুলোর শান্তিপূর্ণ সহাবস্থান নিশ্চিত করা, নেতা-কর্মীদের ওপর হামলাকারীদের বিচার, শান্তি দেওয়ারসহ ছয় দফা দাবিতে জাতীয়তাবাদী ছাত্রদল গতকাল ২৪শে মার্চ ঢাকা বিশ্ববিদ্যালয়ে ক্যাম্পাসে বিকোড মিছিল ও সমাবেশ করেছে।

গতকাল দুপুর ১২টার মধুর ক্যাফিনে থেকে মিছিল শুরু হয়ে কীলা ভবন প্রদক্ষিণ করে উপরোধেয় বাংলার পাদদেশে গিয়ে শেষ হয়। মিছিলে ছাত্রলীগের কর্মকর্তাদের নির্দেশনা ও ছাত্রদলের নেতা-কর্মীদের ওপর হামলার প্রতিবাদ করে স্লোগান দেওয়া হয়।

ছাত্রদলের নেতারা মিছিল শেষে সাংবাদিকদের বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন আবাসিক হল এখন নিয়ন্ত্রণ করছে ছাত্রলীগ। তারা এবং বিশ্ববিদ্যালয় প্রশাসন শুধু মুখে বলছে সহাবস্থান নিশ্চিত করা হবে। কিন্তু তা কাজে দেখা যাচ্ছে না। সমাবেশে ছাত্রদল নেতারা বলেন, ২৩ মার্চের মধ্যে দাবি মেনে না নিলে ২৯ মার্চ থেকে তারা ছাত্র ধর্মঘট আহ্বান করতে বাধ্য হবেন।

অপরদিকে বাংলার পাদদেশে অনুষ্ঠিত সমাবেশে ছাত্রদলের কেন্দ্রীয় সভাপতি অজিতুল হারী হেলাল বলেন, ছাত্রলীগ সারা দেশের বিভিন্ন ক্যাম্পাস ও এর কাছাকাছি ছাত্রদল নেতা-কর্মীসহ সাধারণ শিক্ষার্থীদের ওপর অভিযান, জলপান, নির্ধাতিত করেছে। অবিলম্বে তা বন্ধ ও ক্যাম্পাসে সহাবস্থান নিশ্চিত করা এবং ছাত্রলীগ নেতা-কর্মীদের শান্তি দেওয়ার জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসনের প্রতি তিনি আহ্বান জানান।

কর্মসূচিতে আরও অংশ নেন কেন্দ্রীয় সাধারণ সম্পাদক শফিউল হারী বাবু, সাংগঠনিক সম্পাদক আব্দুল কাদের ভূঁইয়া জুয়েল, বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি হাসান আমুন, সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম ফিরোজসহ কেন্দ্রীয় ও বিশ্ববিদ্যালয় শাখার নেতা-কর্মীরা।